

Cooperative Fair

দেশের সমবায় সমিতি/সমবায়ীদের উৎপাদিত পণ্যসামগ্রীর পরিচিতি তথা বাজার সৃষ্টির লক্ষ্য সমবায় অধিদপ্তরের উদ্যোগে প্রতি বছর সারা দেশে জাতীয়, বিভাগীয়, জেলা এবং উপজেলা পর্যায়ে সমবায় মেলা অনুষ্ঠিত হয়। সাধারণত জাতীয় সমবায় দিবস উদযাপনের অনুষ্ঠানের সাথে একত্রিত করে সমবায় মেলার আয়োজন করা হয়। সমবায়ীদের উৎপাদিত/চাষকৃত এসব পণ্যসামগ্রী প্রচার ও প্রসারই মেলা আয়োজনের মুখ্য উদ্দেশ্য। মেলার সামগ্রী একদিকে যেমন ফরমালীন ও বিষমুক্ত অন্যদিকে তেমনি ন্যায্য মূল্য ও সঠিক ওজনে বিক্রয় করা হয়। এসব পণ্যসামগ্রীর মধ্যে রয়েছে- নকশিকাঁথা, চাঁদর, থ্রি পিস, ডাইনিং সেট, ব্লকের থ্রি পিস, হাতের কাজের শাড়ী, পাটের ব্যাগ, চটের ব্যাগ, জামা, ফতুয়া, চামড়াজাত পণ্য, কাঠের তৈরী আসবাবপত্র ও গহনা, হ্যান্ডি ক্র্যাফটস, বাঁশের তৈরী ফুলদানি, কলমদানী, পুতি ব্যাগ, বৈদ্যুতিক সরঞ্জামাদি, দুগ্ধজাত সামগ্রী, মধু, মাছ, হাঁস, মুরগী, ডিম, গরু, ছাগল, শাক সবজি ইত্যাদি।

সমবায় মেলা ১ থেকে ৭ দিন পর্যন্ত স্থায়ী হয়। সমবায় সমিতি/সমবায়ীদের উৎপাদিত পণ্য সামগ্রীর প্রদর্শন/বিক্রির জন্য সমবায় মেলা আয়োজন করা হলেও এটা সমবায়ী তথা সাধারণ মানুষের মিলন মেলায় পরিণত হয়। সর্বশেষ গতবছর ১ নভেম্বর ২০১৪ শনিবার সমবায় মেলা অনুষ্ঠিত হয়েছে।